# দুর্যোগ শিক্ষানীতিতে জেন্ডার সচেতনতা বৃদ্ধি

জামসেদজি টাটা স্কুল অফ ডিজাস্টার স্টাডিজ (জেটিএসডিএস), টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেস (টিআইএসএস)

**মুম্বাই, ভারত**

## প্রেক্ষাপট


দুর্যোগ বিষয়ক শিক্ষাদান এবং শিক্ষা ও গবেষণাক্ষেত্রে জেন্ডার সচেতনতার প্রসার এ প্রকল্পের প্রধান লক্ষ্য। জামসেদজি টাটা স্কুল অফ ডিজাস্টার স্টাডিজ (জেটিএসডিএস) পরিচালিত এই প্রকল্পের উদ্দেশ্য একটি কার্যকরী শিক্ষাদান পদ্ধতি দ্বারা দুর্যোগ শিক্ষায় জেন্ডার বিষয়ক দৃষ্টিভঙ্গিকে সুদৃঢ় করা। এ প্রকল্পের মাধ্যমে একটি কার্যকরী নির্দেশিকা প্রস্তুত করে দুর্যোগ ব্যবস্থাপনা পাঠ্যক্রমে জেন্ডার সচেতনতা বিষয়টিকে সংযোজিত করা হয়েছে।

জেন্ডারকেন্দ্রিক জ্ঞান ও সচেতনতা অধিকতর সুদৃঢ় করার লক্ষ্যে জেটিএসডিএস তাদের নিজস্ব পাঠ্যক্রমসমূহে একটি জেন্ডার নিরীক্ষা শুরু করে। বর্তমানে, জেন্ডার শিক্ষা জেটিএসডিএস পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত; একইসাথে এটি বেশ কিছু কোর্সসমূহের অংশ। তবে জেটিএসডিএস গবেষকগণ মনে করেন, আরও নিয়মতান্ত্রিক ও সুসংগঠিত একটি প্রক্রিয়া পুঙ্খানুপুঙ্খ নিরীক্ষার মাধ্যমে নীতিমালার উন্নয়নে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করবে এবং এই প্রক্রিয়ার অন্তর্ভুক্ত হবে সেসব কোর্সসমূহ যেগুলো দুর্যোগকে বিজ্ঞান ও প্রযুক্তির দৃষ্টিকোণ হতে বিবেচনা করে।

এ পরিপ্রেক্ষিতে প্রকল্পটি, একটি নিয়মতান্ত্রিক উপায়ে সামাজিক বিজ্ঞান ও প্রাকৃতিক বিজ্ঞান পাঠ্যক্রমে জেন্ডার সচেতনতার সংযুক্তি ঘটানোর চেষ্টা করেছে।যার উদ্দেশ্যকার্য ছিল কার্যক্রমটি পরিচালনার মাধ্যমে আনুষ্ঠানিক পরিকল্পনা, মূল্যায়ন পদ্ধতি এবং সমসাময়িক পাঠ্যসামগ্রীর তালিকাসহ একটি পূর্ণাঙ্গ নির্দেশিকা প্রস্তুত করা।

## প্রকল্পের উদ্দেশ্য

- দুর্যোগ বিষয়ক শিক্ষানীতি এবং শিক্ষা ও গবেষণাক্ষেত্রে জেন্ডার সচেতনতার প্রসার।
- দুর্যোগ ব্যবস্থাপনা পাঠ্যক্রমে জেন্ডার সচেতনতার অন্তর্ভুক্তি ঘটানোর লক্ষ্যে একটি বিশদ ও কার্যকরী নির্দেশিকা তৈরি।
- দুর্যোগ শিক্ষায় জেন্ডার দৃষ্টিভঙ্গিকে সুদৃঢ় করার উদ্দেশ্যে একটি জেন্ডার নিরীক্ষা পরিচালনা এবং জেটিএসডিএস এর বিদ্যমান দুর্যোগ ব্যবস্থাপনা পাঠ্যক্রম পর্যালোচনা।
- জেন্ডারভিত্তিক দুর্যোগ ঝুঁকি হ্রাস ও সহনশীলতা তৈরির গুরুত্ব ও প্রয়োজনীয়তা তুলে ধরার উদ্দেশ্যে অঞ্চলভিত্তিক এবং জাতীয় স্তরে কর্মশালা আয়োজন।
- একটি পরিকল্পিত এবং বিস্তারিত প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে দুর্যোগ আক্রান্ত নারী, কন্যাশিশু ও সংখ্যালঘু ব্যক্তিদের নিজ নিজ বাস্তব অভিজ্ঞতার প্রচার ঘটাতে সক্ষম করে তোলা।
- একটি কার্যকরী জেন্ডার-সচেতন, ইন্টারসেকশনাল দুর্যোগ ব্যবস্থাপনা পাঠ্যক্রম প্রস্তুত করা, যা সমগ্র ভারতে একটি গ্রহণযোগ্য কার্যক্রম হিসেবে প্রাধান্য লাভ করবে।




*প্রকল্পের মাধ্যমে পাঠ্যক্রম উন্নয়ন কার্যক্রম প্রচারের উদ্দেশ্যে অনলাইনে আলোচনা।*

## প্রকল্পের ফলাফল

জাতীয় এবং আঞ্চলিক পর্যায়ের আলোচনা পর্যায়ক্রমে জেন্ডার ও প্রান্তিক জনগোষ্ঠীর দুর্যোগসংক্রান্ত অভিজ্ঞতা সম্পর্কে তৃণমূল এবং সুশীল সমাজভিত্তিক সংস্থাসমূহের দৃষ্টিভঙ্গি তুলে ধরতে সক্ষম হয়েছে।
জেন্ডার সংবেদনশীলতা মূল কার্যক্রমগুলির অন্যতম ছিল সামাজিক অন্তর্ভুক্তির দৃষ্টিকোণ। একইসাথে দুর্যোগ, প্রস্তুতি, প্রশমন, প্রতিক্রিয়া, পুনরুদ্ধার, ঝুঁকির মাত্রার পার্থক্য এবং নারী, কন্যাশিশু ও জেন্ডার সংখ্যালঘুদের সহনশীলতা গঠনসংক্রান্ত পাঠে ইন্টারসেকশনালিটি বিষয়টিকে শক্তিশালী করার লক্ষ্যে বিশেষজ্ঞদের পরামর্শে বিদ্যমান দুর্যোগ ব্যবস্থাপনা পাঠ্যক্রম পর্যালোচনা করা।
উপরিউক্ত জ্ঞানসমূহকে উচ্চশিক্ষায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে, দুর্যোগ ব্যবস্থাপনা, জলবায়ু পরিবর্তন ও টেকসই অধ্যয়ন (সাসটেইনেবিলিটি স্টাডিজ) সম্পর্কিত শিক্ষাদানে সংশ্লিষ্ট উচ্চশিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠানকে (এইচইআই'স) নির্দেশনা ও সহায়তা প্রদানের জন্য আদর্শ হিসেবে পাঁচটি নমুনা পাঠ তৈরি করা হয়; যে পাঠসমূহ তাদের পাঠ্যতালিকায় জেন্ডার, সামাজিক অন্তর্ভুক্তি ও ইন্টারসেকশনালিটি দৃষ্টিভঙ্গিকে সংযোজিত করে:

১. দুর্যোগে জেন্ডার, সামাজিক অন্তর্ভুক্তি ও ইন্টারসেকশনালিটি সংক্রান্ত দৃষ্টিভঙ্গি।


২. গবেষণা পদ্ধতিতে নারীবাদী পদ্ধতিগত সচেতনতার সন্নিবেশ।

৩. কারিগরি শিক্ষায় জেন্ডার: সামাজিক অন্তর্ভুক্তির দৃষ্টিকোণ হতে বিজ্ঞানকে পুনর্বিবেচনা।

৪. দুর্যোগ ব্যবস্থাপনার ধারণা, তত্ত্ব এবং কাঠামোতে জেন্ডার সংযোজন।

৫. সিবিআরএন ইভেন্টগুলিতে সামাজিক অন্তর্ভুক্তি পুনর্বিবেচনা, প্রতিবন্ধকতা, আলোচনা এবং প্রতিদ্বন্দ্বিতা।

ভারতে যেসব উচ্চশিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ তাদের দুর্যোগ ব্যবস্থাপনা, জলবায়ু পরিবর্তন এবং টেকশই অধ্যয়ন (সাসটেইনেবিলিটি স্টাডিজ) পাঠ্যক্রমে জেন্ডার, সামাজিক অন্তর্ভুক্তি ও ইন্টারসেকশনাল দৃষ্টিভঙ্গিকে সমন্বিত করতে চায় তাদের শিক্ষা পদ্ধতি বিবেচনায় রেখে শিক্ষাদান সহজতর করার লক্ষ্যে এই প্রকল্পটির মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনাসমূহ প্রস্তুত করা হয়। পরবর্তীতে সার্বিক পর্যালোচনা সাপেক্ষে অধিকতর উন্নয়নের লক্ষ্যে এসকল নির্দেশনা জাতীয় পর্যায়ে একটি কর্মশালায় উপস্থাপন করা হয়।




*সেপ্টেম্বর ২০২১ এ অনুষ্ঠিত আলোচনাসভা হতে উপনীত বার্তাসমূহ প্রচারের উদ্দেশ্যে তৈরি চিত্র।*



জেন্ডার রেসপন্সিভ রিজিলিয়েন্স অ্যান্ড ইন্টারসেকশনালিটি ইন পলিসি অ্যান্ড প্র্যাক্টিস (গ্রিপ) একটি ইউকেআরআই কালেক্টিভ ফান্ডের অর্থায়নে বাস্তবায়িত প্রকল্প যার লক্ষ- 'নেটওয়ার্কিং প্লাস পার্টনারিং ফর রিজিলিয়েন্স'

GRRIPP Gender Responsive Resilience & Intersectionality in Policy & Practice
UK Research and Innovation
GCRF Global Challenges Research Fund